# প্রার্থীদের শোকজ ঘিরে প্রশাসনিক বদলির অভিযোগ এনসিপির



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া অভিযোগ করেছেন, একটি দলকে বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে। তাদের প্রার্থীদের শোকজ করলেই সংশ্লিষ্ট কর্মকর্তাকে দ্রুত বদলি করা হচ্ছে বলেও দাবি করেন তিনি।

সোমবার সিইসির সঙ্গে বৈঠক শেষে নির্বাচন কমিশন ভবনে এসব কথা বলেন আসিফ। তিনি জানান, নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে সরকারকে সহযোগিতা করাই তাদের লক্ষ্য। তবে কিছু কর্মকর্তার বিষয়ে অভিযোগ জানাতে গিয়ে তারা দেখেছেন, পটভূমি যাচাইয়ের কার্যকর উদ্যোগ নেই। তার মতে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের নিয়ে সমন্বিত টাস্কফোর্স গঠন করা যেত। একটি দলের দাবির ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

বাইতুল মোকাররমের উত্তর গেটে গণমিছিলের আগে সংক্ষিপ্ত সমাবেশে তিনি বলেন, বিতর্কিত ব্যক্তিদের মনোনয়ন দেওয়া হয়েছে এবং কেন্দ্র দখলের চেষ্টা চলছে। মানুষ যেন নির্বিঘ্নে ভোট দিতে পারে, তা নিশ্চিত করার আহ্বান জানান তিনি।

ভোটের দিন ১১ দলীয় জোটের নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বান জানিয়ে কেন্দ্র দখলের চেষ্টা হলে প্রতিরোধ গড়ে তোলার সতর্কবার্তাও দেন আসিফ।

LENS ASIA